

আইসিডিডিআর,বি-র নির্বাহী পরিচালক দ্বিতীয়বারের মতো নিয়োগ লাভ করেছেন

ঢাকা, ফেব্রুয়ারী ১৬, ২০১৬ - আইসিডিডিআর,বি-র বোর্ড অব ট্রাস্টিজ বর্তমান নির্বাহী পরিচালক

অধ্যাপক জন ডি. ক্লেমেন্সকে দ্বিতীয় মেয়াদে আরো তিনবছরের জন্য নিয়োগ দান করেছে। এবছরের এপ্রিল মাস থেকে এটি কার্যকর হবে।

আশির দশকের শুরুতে ড. ক্লেমেন্স স্বাস্থ্য গবেষণায় এই আন্তর্জাতিক প্রতিষ্ঠানে তাঁর কর্মজীবন শুরু করেন।

এরপর তিনি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এবং সরকারি ও আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠানে কাজ করেছেন। পরবর্তীতে

তিনি ২০১৩ সালে আইসিডিডিআর,বি-র নির্বাহী পরিচালক হিসেবে এখানে ফিরে আসেন।

আইসিডিডিআর,বি-র বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি ড. রিচার্ড স্মিথ বলেন, “ড. ক্লেমেন্স প্রতিষ্ঠানটিকে শক্তিশালী করেছেন পাশাপাশি বাংলাদেশ এবং উন্নয়নশীল দেশসমূহের জনস্বাস্থ্য বিষয়ক প্রধান সমস্যাগুলোর সমাধানকল্পে প্রতিষ্ঠানের গবেষণাকে কাজে লাগিয়ে তাঁর প্রথম কর্মকাল সফলভাবে সম্পন্ন করেছেন। আমরা তাঁর আগামী তিন বছরের কর্মকালের দিকে তাকিয়ে আছি, এবং আশা করি তাঁর নেতৃত্বে আইসিডিডিআর,বি সামনের দিকে এগিয়ে যেতে সক্ষম হবে ”।

ড. ক্লেমেন্স বলেন, “বোর্ডের সিদ্ধান্তে আমি আনন্দিত এবং সম্মানিত বোধ করছি। বাংলাদেশ এবং সারা বিশ্বের মানুষের স্বাস্থ্যসেবার উন্নয়ন ও কল্যাণের উদ্দেশ্যে কাজ করে এমন একটি প্রতিষ্ঠানে নেতৃত্বদান আমার জন্য একটি অপূর্ব সুযোগ বলে আমি মনে করি ”।

###

আরো তথ্যের জন্য যোগাযোগ করুন:

এ কে এম তারিফুল ইসলাম খান

মিডিয়া ম্যানেজার, আইসিডিডিআর,বি

টেলিফোন: +৮৮০-২-৯৮২০৫২৩-৩২ এক্স ৩১১৬

মোবাইল ফোন: ০১৭ ৫৫৫ ৮৮ ১২৮

ইমেইল: tariful.islam@icddr.org